

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৫.২৩-৩২

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
১১ জানুয়ারি ২০২৪

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ শরীফুল ইসলাম কিশোরগঞ্জ জেলার ভৈরব পৌরসভার শহর পরিকল্পনাবিদ পদে কর্মরত থাকা অবস্থায় গত ০৯ নভেম্বর ২০২২ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (খ), (গ) অনুযায়ী ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগে বিভাগীয় মামলা নং ০১/২০২৩ রুজু করা হয় এবং আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুতক্রমে আপনার স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হয়; এবং

যেহেতু, আপনার স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরিত অভিযোগনামা ডাক বিভাগ হতে ফেরৎ প্রদান করা হয় এবং “প্রাপক জার্মানীতে চাকুরী নিয়া চলিয়া গিয়াছে” মর্মে ডাক বিভাগ কর্তৃক অবহিত করা হয়েছে;

যেহেতু, আপনার স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরিত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ডাক বিভাগ হতে ফেরৎ প্রদান করা হয় এবং “প্রাপক জার্মানীতে চাকুরী নিয়া গিয়াছে” মর্মে ডাক বিভাগ কর্তৃক অবহিত করা হয়েছে;

যেহেতু, দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ২২ সেপ্টেম্বর ২০২৩ তারিখে দৈনিক ইত্তেফাক এবং ২৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত হলেও আপনার কোন জবাব পাওয়া যায়নি;


যেহেতু, আপনি জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত সুনানী চান কিনা এ বিষয়ে এ বিভাগকে অবহিত করেননি;

যেহেতু, এ বিভাগীয় মামলার তদন্ত প্রতিবেদনে আপনি যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে বিদেশ গমন করেছেন মর্মে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলায় পৌরসভার কর্মচারী চাকুরী বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪০ এর উপ-বিধি (খ), (গ) অনুযায়ী ‘অসদাচরণ’ ও ‘পলায়ন’ এর অভিযোগ প্রমাণিত হয়েছে, যা উক্ত বিধিমালার বিধি ৪১ এর উপ-বিধি (১)(খ)(ই) অনুযায়ী চাকুরী হতে অপসারণযোগ্য অপরাধ; এবং

সেহেতু, পৌরসভার কর্মচারী চাকুরি বিধিমালা, ১৯৯২ এর বিধি ৪১ এর উপ-বিধি (১)(খ)(ই) অনুযায়ী জনাব মোঃ শরীফুল ইসলাম, শহর পরিকল্পনাবিদ, ভৈরব পৌরসভা, কিশোরগঞ্জ-কে চাকুরী হতে অপসারণ করা হল।

২। যথাযথ কর্তৃপক্ষের নির্দেশক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


১১/০১/২০২৪

(মো: আব্দুর রহমান)

উপসচিব

ফোন: ০২৯৫১৪১৪২


ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নং-৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০৫.২৩-৩২

তারিখ: ২৭ পৌষ ১৪৩০
১১ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। মেয়র, ভৈরব পৌরসভা, কিশোরগঞ্জ
- ৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৮। জনাব মোঃ শরীফুল ইসলাম, প্রাক্তন শহর পরিকল্পনাবিদ, ভৈরব পৌরসভা, কিশোরগঞ্জ
- ৯। অফিস কপি।


১১/০১/২০২৪

(মো: আব্দুর রহমান)

উপসচিব